গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারিগরি শিক্ষা অধিদপ্তর
শাখা-০২
এফ-৪/বি, আগারগাঁও, ঢাকা-১২০৭
www.techedu.gov.bd

স্মারক নম্বর: ৫৭.০৩.০০০০.০০০.০১১.৯৯.০০০২.২৩.২৪

তারিখ: ২৯ বৈশাখ ১৪৩৩
১২ মে ২০২৬

**বিষয়: প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্টের আওতায় পিএইচ.ডি. ফেলোশিপ ও বৃত্তি প্রদান কার্যক্রম ২০২৬ এর বিজ্ঞপ্তিটি ওয়েবসাইটে প্রকাশ প্রসঙ্গে**

সূত্র: প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্টের ১১ মে ২০২৬ তারিখের ৩৭.২৪.০০০০.০০০.০০৩.৯৯.০০০১.২১.১৫ সংখ্যক পত্র

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত পত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট হতে দেশের অভ্যন্তরের সরকারি বিশ্ববিদ্যালয়ে ভর্তিকৃত/অধ্যয়নরত পিএইচ.ডি. গবেষকগণকে ফেলোশিপ ও বৃত্তি প্রদানের লক্ষ্যে পিএইচ.ডি. ফেলোশিপ ও বৃত্তি প্রদান ২০২৬ এর বিজ্ঞপ্তিটি ওয়েবসাইটে প্রকাশসহ এ দপ্তরাধীন প্রতিষ্ঠানসমূহকে অবহিতকরণের জন্য পত্রটির ছায়ালিপি পরবর্তী কার্যার্থে নির্দেশক্রমে প্রেরণ করা হলো।

সংযুক্তি:
১. অগ্রায়নপত্র।
২. পিএইচডি ফেলোশিপ বিজ্ঞপ্তি-২০২৬.pdf।
৩. পিএইচডি নির্দেশিকা ২০২২.pdf।

**সংযুক্তিসমূহঃ**
(১) পিএইচডি নির্দেশিকা ২০২২
(২) অগ্রায়নপত্র
(৩) পিএইচডি ফেলোশিপ বিজ্ঞপ্তি-২০২৬

১২-০৫-২০২৬
মোঃ রাকিবুল হাসান
সহকারী পরিচালক

**বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**
১। পরিচালক (সকল), ---------------- আঞ্চলিক পরিচালকের কার্যালয়, --------------।
২। অধ্যক্ষ (সকল), ------------- ইঞ্জিনিয়ারিং কলেজ, টেকনিক্যাল টিচার্স ট্রেনিং কলেজ, পলিটেকনিক ইনস্টিটিউট, সার্ভে ইনস্টিটিউট, গ্রাফিক আর্টস ইনস্টিটিউট, বাংলাদেশ ইনস্টিটিউট অব গ্লাস অ্যান্ড সিরামিকস, ----------------।
৩। অধ্যক্ষ, ভোকেশনাল টিচার্স ট্রেনিং ইনস্টিটিউট, বগুড়া।
৪। অধ্যক্ষ (সকল), ---------------- সরকারি টেকনিক্যাল স্কুল অ্যান্ড কলেজ, -----------------।

স্মারক নম্বর: ৫৭.০৩.০০০০.০০০.০১১.৯৯.০০০২.২৩.২৪/১ (১০)

তারিখ: ২৯ বৈশাখ ১৪৩৩
১২ মে ২০২৬

সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। পরিচালক (সকল), কারিগরি শিক্ষা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।

২। সংযুক্ত কর্মকর্তা, উপবৃত্তি সেল, কারিগরি শিক্ষা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।

৩। উপপরিচালক (এমপিও), কারিগরি শিক্ষা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।

৪। সহকারী পরিচালক, উপবৃত্তি শাখা, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট, ধানমন্ডি, ঢাকা।

৫। সচিবের একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।

৬। উপসচিব, সমন্বয় শাখা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

৭। সহকারী পরিচালক (সকল), কারিগরি শিক্ষা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা- ১২০৭।

৮। ভারপ্রাপ্ত কর্মকর্তা (আইসিটি সেল), কারিগরি শিক্ষা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা (পত্রটি ওয়েবসাইটে প্রকাশ ও সংশ্লিষ্টদের ই-মেইলে প্রেরণের অনুরোধসহ)।

৯। মহাপরিচালকের ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি শিক্ষা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।

১০। সংরক্ষণ নথি, কারিগরি শিক্ষা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।

১২-০৫-২০২৬
মোঃ রাকিবুল হাসান
সহকারী পরিচালক

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট
উপবৃত্তি শাখা
বাড়ি নং-৪৪, সড়ক নং-১২/এ, ধানমন্ডি, ঢাকা-১২০৯
www.pmeat.gov.bd

স্মারক নম্বর: ৩৭.২৪.০০০০.০০০.০০৩.৯৯.০০০১.২১.১৫

তারিখ: ২৮ বৈশাখ ১৪৩৩
১১ মে ২০২৬

**বিষয়: প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্টের আওতায় পিএইচ.ডি. ফেলোশিপ ও বৃত্তি প্রদান কার্যক্রম -২০২৬ এর বিজ্ঞপ্তিটি ওয়েবসাইটে প্রকাশ।**

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট হতে দেশের অভ্যন্তরের সরকারি বিশ্ববিদ্যালয়ে ভর্তিকৃত/অধ্যয়নরত পিএইচ.ডি. গবেষকগণকে ফেলোশিপ ও বৃত্তি প্রদানের লক্ষ্যে **পিএইচ.ডি. ফেলোশিপ ও বৃত্তি প্রদান-২০২৬** এর বিজ্ঞপ্তিটি ওয়েবসাইটে প্রকাশের লক্ষ্যে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

**সংযুক্তি:**
১. পিএইচ.ডি. ফেলোশিপ ও বৃত্তি প্রদান-২০২৬ এর বিজ্ঞপ্তি;
২. প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট পিএইচ.ডি. ফেলোশিপ ও বৃত্তি নির্দেশিকা, ২০২২।

**সংযুক্তিসমূহঃ**
(১) পিএইচডি ফেলোশিপ বিজ্ঞপ্তি-২০২৬
(২) পিএইচডি নির্দেশিকা ২০২২

১১-০৫-২০২৬
প্রফেসর মোহাম্মদ আনোয়ার হোসেন সোহাগ
সহকারী পরিচালক
ফোন : ০২-৫৫০০০৪২৮
ইমেইল : ad.stipend@pmeat.gov.bd

**বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**
১। সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ।
২। সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ।
৩। চেয়ারম্যান, বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন।
৪। রেজিস্ট্রার, সরকারি বিশ্ববিদ্যালয়, (সকল)।
৫। মহাপরিচালক, মহাপরিচালকের দপ্তর , মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর।
৬। চেয়ারম্যান , চেয়ারম্যান এর দপ্তর , বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন কর্তৃপক্ষ (এনটিআরসিএ)।
৭। মহাপরিচালক, মহাপরিচালক এর দপ্তর, বাংলাদেশ শিক্ষাতথ্য ও পরিসংখ্যান ব্যুরো (ব্যানবেইস)।
৮। মহাপরিচালক, মহাপরিচালকের দপ্তর, জাতীয় শিক্ষা ব্যবস্থাপনা একাডেমি।
৯। মহাপরিচালক (অতিরিক্ত সচিব), মহাপরিচালক-এর দপ্তর, কারিগরি শিক্ষা অধিদপ্তর।
১০। মহাপরিচালক ((অতিরিক্ত সচিব) (অতিরিক্ত দায়িত্ব), মহাপরিচালক এর দপ্তর , মাদরাসা শিক্ষা অধিদপ্তর।
১১। পরিচালক, মহাপরিচালক এর দপ্তর, আন্তর্জাতিক মাতৃভাষা ইনস্টিটিউট।
১২। প্রধান প্রকৌশলী (রুটিন দায়িত্ব), প্রধান প্রকৌশলী-এর দপ্তর, শিক্ষা প্রকৌশল অধিদপ্তর।

১৩। সকল জেলা প্রশাসক।
১৪। জেলা শিক্ষা অফিসার (সকল)।
১৫। উপজেলা নির্বাহী অফিসার (সকল)।
১৬। সিস্টেম এনালিস্ট, আইসিটি অধিশাখা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
১৭। সিস্টেম এনালিষ্ট, আইসিটি অধিশাখা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
১৮। প্রোগ্রামার, আইসিটি শাখা, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।

স্মারক নম্বর: ৩৭.২৪.০০০০.০০০.০০৩.৯৯.০০০১.২১.১৫/১ (২)

তারিখ: ২৮ বৈশাখ ১৪৩৩
১১ মে ২০২৬

**সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। ব্যক্তিগত সহকারী, ব্যবস্থাপনা পরিচালকের দপ্তর, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট (ব্যবস্থাপনা পরিচালকের সদয় অবগতির জন্য)।

২। ব্যক্তিগত সহকারী, পরিচালকের দপ্তর, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট (পরিচালক এর সদয় অবগতির জন্য)।

১১-০৫-২০২৬
প্রফেসর মোহাম্মদ আনোয়ার হোসেন সোহাগ
সহকারী পরিচালক

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
**প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট**
উপবৃত্তি শাখা
ধানমন্ডি, ঢাকা-১২০৯
www.pmeat.gov.bd

নং-৩৭.২৪.০০০০.০০০.০০০.৩২.০০০২.২৬-১৪৬

তারিখ: ২৩ বৈশাখ ১৪৩৩ বঙ্গাব্দ
০৬ মে ২০২৬ খ্রিষ্টাব্দ

# পিএইচ.ডি. ফেলোশিপ বিজ্ঞপ্তি-২০২৬

প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্টের আওতায় ২০২৬-২৭ অর্থবছরে পিএইচ.ডি. ফেলোশিপ ও বৃত্তি প্রদানের লক্ষ্যে দেশের অভ্যন্তরের সরকারি বিশ্ববিদ্যালয়সমূহে পিএইচডি কোর্সে ভর্তিকৃত/অধ্যয়নরত গবেষকগণের নিকট থেকে 'প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট পিএইচ.ডি. ফেলোশিপ ও বৃত্তি প্রদান নির্দেশিকা, ২০২২' অনুযায়ী দরখাস্ত আহ্বান করা যাচ্ছে:

২। **আবেদনের নিয়ম ও শর্তাবলি:**

ক. গবেষকগণ অনলাইনে www.eservice.pmeat.gov.bd/phd আবেদন করবেন।

খ. ১০ **মে ২০২৬ খ্রি: হতে ১১ জুন ২০২৬ খ্রি:** রাত ১১.৫৯ টা পর্যন্ত অনলাইনে আবেদন করা যাবে।

গ. সমগ্র শিক্ষা জীবনে ন্যূনতম ২টি প্রথম বিভাগ **(জিপিএ ৫ স্কেলে ৩.৫০ এবং ৪ স্কেলে ৩.০০)** থাকতে হবে।

ঘ. **ফেলোশিপের জন্য আবেদন জমাদানের তারিখে বয়স সর্বোচ্চ ৪৫ বছর।**

ঙ. অনলাইনে আবেদনপত্রের সাথে সকল শিক্ষাগত যোগ্যতার অনুলিপি (সনদ ও মার্কশিট), পিএইচডি কোর্সে ভর্তি/রেজিস্ট্রেশনের কপি, গবেষণা প্রস্তাবনা (synopsis) বাংলা/ইংরেজীতে, বিভাগীয় প্রধান ও তত্ত্বাবধায়কের প্রত্যয়নপত্র আবশ্যিকভাবে সংযোজন (Upload) করতে হবে।

চ. **অনলাইনে পুরণকৃত আবেদনপত্র ডাউনলোড করে সংশ্লিষ্ট কাগজপত্রসহ (০২ সেট আবেদন) আবেদনের শেষ তারিখ অফিস চলাকালীন সময়ের মধ্যে সরাসরি/ডাকযোগে প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট, বাড়ি নং-৪৪, সড়ক নং-১২/এ, ধানমন্ডি, ঢাকা-১২০৯ বরাবর প্রেরণ করতে হবে।**

ছ. সরকারি/আধা-সরকারি/স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানে কর্মরত প্রার্থীগণকে যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনের কপি সংযোজন (Upload) করতে হবে।

জ. কর্তৃপক্ষ এ বিজ্ঞপ্তি বাতিল/পরিবর্তন এবং যে কোনো আবেদন বিবেচনা/বাতিলের ক্ষমতা সংরক্ষণ করেন।

ঝ. বিস্তারিত জানতে প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্টের ওয়েবসাইটে www.pmeat.gov.bd এ সংক্রান্ত নির্দেশিকাসহ অন্যান্য বিষয়াদি দেখা যেতে পারে।

**হট লাইন:** ০১৭২৪৫৯৬৬৭৬
০১৯১৩৭২৮৬৬০
০২-৫৫০০০৪২৮

০৬.৫.২০২৬
(স্মৃতি কর্মকার)
ব্যবস্থাপনা পরিচালক (অতিরিক্ত সচিব)
ফোন: ০২-৫৫০০০৯২২
ই-মেইল: md@pmeat.gov.bd

প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট পিএইচ.ডি. ফেলোশিপ ও বৃত্তি নির্দেশিকা (Guidelines), ২০২২

প্রধানমন্ত্রীর
শিক্ষা সহায়তা ট্রাস্ট

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
শিক্ষা মন্ত্রণালয়
বাড়ি নং-৪৪, সড়ক নং-১২/এ, ধানমন্ডি, ঢাকা-১২০৯
www.pmeat.gov.bd

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট
উপ-পরিচালকের শাখা
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়
বাড়ি নং-৪৪, সড়ক নং-১২/এ, ধানমন্ডি, ঢাকা-১২০৯
www.pmeat.gov.bd

নং-৩৭.২৪.০০০০.০০০.৩২.০০২.২১-১১৮

তারিখ: ২২ আষাঢ় ১৪২৯ বঙ্গাব্দ
০৬ জুলাই ২০২২ খ্রিস্টাব্দ

## প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট পিএইচ.ডি. ফেলোশিপ ও বৃত্তি নির্দেশিকা (Guidelines), ২০২২

প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট (সংশোধন) আইন, ২০১৬ অনুসারে বাংলাদেশের পাবলিক বিশ্ববিদ্যালয়ে পিএইচ.ডি. গবেষণায় নিয়োজিত গবেষককে ফেলোশিপ ও বৃত্তি প্রদানের জন্য এ নির্দেশিকা প্রণয়ন করা হলো।

১.১ শিরোনাম:

এ নির্দেশিকা 'প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট পিএইচ.ডি. ফেলোশিপ ও বৃত্তি নির্দেশিকা, ২০২২' নামে অভিহিত হবে।

১.২ প্রয়োগ ও প্রবর্তন:

(ক) এ নির্দেশিকা ০১ জুলাই ২০২২ তারিখ হতে কার্যকর হবে এবং

(খ) বাংলাদেশের পাবলিক বিশ্ববিদ্যালয়ে পিএইচ.ডি. গবেষণায় নিয়োজিত গবেষককে ফেলোশিপ ও বৃত্তি প্রদানের জন্য এ নির্দেশিকা প্রযোজ্য হবে।

২.০ সংজ্ঞা: বিষয় বা প্রসঙ্গের পরিপন্থি কোনো কিছু না থাকলে এ নির্দেশিকায়:

ক) 'ফেলো' অর্থ ট্রাস্ট কর্তৃক বৃত্তি প্রদানের জন্য নির্বাচিত পিএইচ.ডি. গবেষক;

খ) 'বৃত্তি' অর্থ পিএইচ.ডি. ফেলোদেরকে দেয় আর্থিক সুবিধা;

গ) 'আবেদনপত্র' অর্থ ট্রাস্ট কর্তৃক প্রণীত আবেদনের নির্ধারিত ফরম;

ঘ) 'বাছাই কমিটি' অর্থ আবেদন বাছাইয়ের লক্ষ্যে এ নির্দেশিকার ৬.১ নং অনুচ্ছেদ অনুযায়ী গঠিত কমিটি এবং

ঙ) 'কর্তৃপক্ষ' অর্থ প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট।

৩.০ গবেষণার অধিক্ষেত্র:

৩.১ সামাজিক বিজ্ঞান (Social Science);
৩.২ কলা ও মানবিক (Arts & Humanities);
৩.৩ ব্যবসায় শিক্ষা (Business Studies);
৩.৪ সমুদ্র বিজ্ঞান (Marine Science);
৩.৫ আইন (Law);
৩.৬ ভৌত বিজ্ঞান (Physical Science);
৩.৭ ইঞ্জিনিয়ারিং এন্ড টেকনোলজি (Engineering & Technology);
৩.৮ বিজ্ঞান (Science);
৩.৯ জীব বিজ্ঞান (Biological Science);
৩.১০ শিক্ষা ও উন্নয়ন (Education & Development);
৩.১১ চিকিৎসা বিজ্ঞান (Medical science);
৩.১২ চারু ও কারু (Fine Arts);
৩.১৩ কৃষি বিজ্ঞান (Agricultural Science);
৩.১৪ ধর্মীয় শিক্ষা (Religious Studies)।

সামগ্রিকভাবে জাতীয় চাহিদার প্রতি লক্ষ্য রেখে অগ্রাধিকার ভিত্তিতে গবেষণার ক্ষেত্র নির্ধারণ করা হবে।

৪.০ তহবিল গঠন:

ট্রাস্টের অর্থে প্রাথমিকভাবে ১০ (দশ) কোটি টাকা দিয়ে পিএইচ.ডি. ফেলোশিপ প্রদানের জন্য 'পিএইচ.ডি. তহবিল' নামে একটি স্থায়ী তহবিল গঠন করা হবে। পরবর্তীতে কোনো অনুদানের অর্থ, বিত্তবান/সমাজহিতৈষী কোনো ব্যক্তির আর্থিক অনুদান এবং ট্রাস্ট তহবিলের লভ্যাংশ হতে প্রদেয় অর্থ দ্বারা এ তহবিলের পরিমাণ ক্রমান্বয়ে বৃদ্ধি করা হবে।

৫.০ তহবিল ব্যবস্থাপনা

'পিএইচ.ডি. গবেষণা তহবিল' প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্টের ব্যবস্থাপনা পরিচালকের একক স্বাক্ষরে পরিচালিত হবে। এ তহবিলের অর্থ মেয়াদি আমানত হিসেবে জমা রাখা হবে এবং এর লভ্যাংশ দিয়ে গবেষকদের বৃত্তি দেয়া হবে।

৬.০ বাছাই কমিটি:

৬.১ নিম্নবর্ণিত সদস্যদের সমন্বয়ে বাছাই কমিটি গঠিত হবে:

| | |
|---|---|
| ক) ব্যবস্থাপনা পরিচালক, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট | সভাপতি |
| খ) ঢাকা বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক পর্যায়ের ১ জন প্রতিনিধি (উপাচার্য কর্তৃক মনোনীত) | সদস্য |
| গ) বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক পর্যায়ের ১ জন প্রতিনিধি (উপাচার্য কর্তৃক মনোনীত) | সদস্য |
| ঘ) পরিচালক, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট | সদস্য |
| ঙ) যুগ্মসচিব/উপসচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয় (মন্ত্রণালয় কর্তৃক মনোনীত) | সদস্য |
| চ) উপ-পরিচালক/সহকারী পরিচালক, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট | সদস্য-সচিব |

প্রয়োজনবোধে যে কোনো বিশেষজ্ঞকে কমিটির সদস্য হিসেবে কো-অপ্ট করা যাবে।

৬.২ প্রাক-বাছাই কমিটি:

বাছাই কমিটির কার্যক্রমের পূর্বে একটি অভ্যন্তরীণ প্রাক-বাছাই কমিটি প্রাপ্ত আবেদনপত্রসমূহ প্রাথমিকভাবে যাচাই-বাছাই করে একটি সংক্ষিপ্ত তালিকা প্রস্তুত করবে।

৬.৩ বাছাই কমিটির কার্যপরিধি:

ক) প্রার্থীদের আবেদনসমূহ চূড়ান্ত যাচাই-বাছাই এবং প্রয়োজনে আবেদনকারীদের সাক্ষাৎকার গ্রহণ;

খ) উচ্চতর গবেষণার জন্য বৃত্তি প্রদানের সুপারিশ প্রণয়ন; এবং

গ) কমিটি প্রয়োজনীয় সংখ্যক সভায় মিলিত হবে।

৭.০ ফেলোশিপ ও বৃত্তির হার, অনুদান, তত্ত্বাবধায়ক ও গবেষকের সম্মানী:

৭.১ পিএইচ.ডি. কোর্সে গবেষণার জন্য নির্বাচিত গবেষককে প্রতিমাসে ২৫,০০০ (পঁচিশ হাজার) টাকা হারে বৃত্তি প্রদান করা হবে।

৭.২ উপাত্ত সংগ্রহ, বই-পুস্তক ক্রয় ও অভিসন্দর্ভ (থিসিস) মুদ্রণ/কম্পিউটার কম্পোজের জন্য গবেষককে এককালীন ৫০,০০০ (পঞ্চাশ হাজার) টাকা অনুদান প্রদান করা হবে।

৭.৩ গবেষণা পরিচালনায় সার্বিক তত্ত্বাবধানের জন্য গবেষণা তত্ত্বাবধায়ককে এককালীন সম্মানী বাবদ ৫০,০০০ (পঞ্চাশ হাজার) টাকা প্রদান করা হবে। একাধিক গবেষণা তত্ত্বাবধায়কের ক্ষেত্রে সম্মানী ভাতা ৬০:৪০ হারে প্রদান করা হবে।

৮.০ ফেলোশিপ ও বৃত্তি প্রদানের শর্ত ও নিয়মাবলি

৮.১ গবেষণার মেয়াদ সাধারণত ৩ (তিন) বছর হবে। তবে বিশেষ ক্ষেত্রে তত্ত্বাবধায়কের সুপারিশক্রমে গবেষণার মেয়াদ সর্বোচ্চ ০১ (এক) বছর বৃদ্ধি করা যেতে পারে। গবেষণার মেয়াদ বৃদ্ধি করা হলেও বৃত্তির মেয়াদ ৩ (তিন) বছরই সীমাবদ্ধ থাকবে।

৮.২ বৃত্তির জন্য মনোনীত হবার পর প্রার্থীকে নন জুডিশিয়াল স্ট্যাম্পে মুদ্রিত একটি চুক্তিপত্রে স্বাক্ষর করতে হবে। প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্টের বিনানুমতিতে গবেষকগণ অন্য কোনো উৎস হতে একই গবেষণার জন্য অর্থ গ্রহণ করতে পারবেন না।

৮.৩ চুক্তির কোনো শর্ত ভংগ করলে অথবা স্বেচ্ছায় গবেষণার কাজ বন্ধ করলে অতিরিক্ত ৫% অর্থসহ বৃত্তি হিসাবে প্রাপ্ত সমুদয় অর্থ ফেরত দিতে হবে। ব্যর্থতার জন্য তাঁর নিয়োগকারী কর্তৃপক্ষকে তাঁর বিরুদ্ধে আইনগত ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হবে।

৮.৪ গবেষকগণ প্রতি ৬ (ছয়) মাস অন্তর তত্ত্বাবধায়কের মাধ্যমে গবেষণা কাজের অগ্রগতি প্রতিবেদন ট্রাস্টে দাখিল করবেন। তত্ত্বাবধায়ক কর্তৃক সন্তোষজনক অগ্রগতি প্রতিবেদনের ভিত্তিতে কিস্তির অর্থ ছাড় করা হবে। ৫ম ও ৬ষ্ঠ কিস্তির অর্থ গ্রহণের পূর্বে গবেষণা অভিসন্দর্ভ জমাদানের প্রত্যয়নপত্র দাখিল এবং অভিসন্দর্ভের চূড়ান্ত কপি (৩ কপি) ও একটি সফট কপি ট্রাস্টে জমা দিতে হবে। এছাড়া, গবেষকের এককালীন ৫০,০০০ (পঞ্চাশ হাজার) টাকা এবং তত্ত্বধায়কের সম্মানী বাবদ এককালীন ৫০,০০০ (পঞ্চাশ হাজার) টাকা ডিগ্রি প্রাপ্তির পর প্রদান করা হবে।

৮.৫ গবেষকগণ নিয়মিত গবেষক পূর্ণকালীন এবং খন্ডকালীন (সর্বোচ্চ ২০ শতাংশ) হিসেবে গবেষণায় নিয়োজিত থাকবেন।

৮.৬ ট্রাস্ট থেকে পিএইচ.ডি. কোর্সে বৃত্তিপ্রাপ্ত গবেষককে তাঁর অভিসন্দর্ভের কৃতজ্ঞতা স্বীকারে উল্লেখ করতে হবে যে, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট কর্তৃক ফেলোশিপপ্রাপ্ত হয়ে গবেষণাকর্ম সম্পন্ন করা হয়েছে।

৮.৭ কোনো গবেষক ফেলোশিপপ্রাপ্ত হবার পর প্রথম বছরের গবেষণা কার্যক্রমের অগ্রগতির প্রতিবেদন প্রদানে ব্যর্থ হলে তাঁর ফেলোশিপ স্বয়ংক্রিয়ভাবে বাতিল হবে।

৯.০ আবেদনকারীর যোগ্যতা ও বয়স:

৯.১ সমগ্র শিক্ষা জীবনে নূন্যতম ২টি প্রথম বিভাগ (জিপিএ ৫ স্কেলে ৩.৫০ এবং ৪ স্কেলে ৩.০০) থাকতে হবে।

৯.২ বৃত্তির জন্য আবেদন জমাদানের তারিখে বয়স সর্বোচ্চ ৪৫ বছর।

৯.৩ সরকারি/আধা-সরকারি/স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে কর্মরত কর্মকর্তাদের নিয়োগকারী কর্তৃপক্ষের মাধ্যমে নিয়োগকারী কর্তৃপক্ষের অনাপত্তিপত্রসহ আবেদন করতে হবে।

১০.০ বিজ্ঞপ্তি প্রকাশ ও গবেষক নির্বাচন:

১০.১ প্রতি বছর মার্চ/এপ্রিল মাসে ২ (দুই)টি বহুল প্রচারিত জাতীয় দৈনিক (১টি ইংরেজিসহ) পত্রিকায় বিজ্ঞপ্তি প্রকাশের মাধ্যমে অনলাইনে দরখাস্ত আহবান করা হবে। বিজ্ঞপ্তির কপি ব্যাপক প্রচারণার জন্য সকল মন্ত্রণালয়/বিভাগ, পাবলিক বিশ্ববিদ্যালয়, বিভাগীয় কমিশনারের কার্যালয় এবং জেলা প্রশাসকের কার্যালয়ে প্রেরণ করা হবে। আবেদনপত্রের সাথে সকল শিক্ষাগত যোগ্যতার সত্যায়িত অনুলিপি (সনদ ও মার্কশিট) ও পিএইচ.ডি. রেজিস্ট্রেশন নম্বরের কপি সংযোজন করতে হবে।

১০.২ ট্রাস্ট কর্তৃক অনলাইনে নির্ধারিত সফটওয়্যারের মাধ্যমে আবেদন করতে হবে।

১০.৩ বৃত্তির জন্য আবেদনকারীকে নিজ নিজ উদ্যোগে বিশ্ববিদ্যালয়ের নিজস্ব নীতি ও পদ্ধতি অনুযায়ী রেজিস্ট্রেশন পত্র, ভর্তির জন্য নিশ্চয়তাপত্রসহ (Letter of Acceptance) আবেদন করতে হবে। ফেলোশিপের জন্য মনোনীত হলে আবেদনকারীকে বৃত্তি প্রদানের অঙ্গীকার পত্র (Letter of Commitment) প্রদান করা হবে।

১০.৪ কোনো কারণ দর্শানো ব্যতিরেকে যেকোনো অথবা সকল আবেদনপত্র গ্রহণ অথবা বাতিল করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।

১১.০ গবেষণা ফেলোশিপ ও বৃত্তি প্রদানের ক্ষেত্রে অনুসৃত পদ্ধতি

| | | |
|---|---|---|
| ক) | শিক্ষাগত যোগ্যতা | ১০ |
| খ) | বাংলাদেশের আর্থ-সামাজিক ও রাজনৈতিক বাস্তবতায় গবেষণার বিষয়বস্তুর উপযোগিতা | ১০ |
| গ) | পূর্বগবেষণা ও প্রকাশনা | ১০ |
| ঘ) | গবেষণা প্রস্তাবের মান | ৭০ |
| | মোট | ১০০ |

১২.০ ট্রাস্ট কর্তৃক গবেষকদের এক বা একাধিক গবেষণা ফলাফলের ওপর ভিত্তি করে প্রতিবছর কমপক্ষে একটি সেমিনার আয়োজন করা হবে।

১৩.০ সংশোধনী:

কর্তৃপক্ষ প্রয়োজন মনে করলে এ নির্দেশিকার যেকোনো অংশ পরিমার্জন ও পরিবর্ধন করতে পারবে এবং নির্দেশিকার কোনো বাক্য বা শব্দের অস্পষ্টতা থাকলে বা কোনো ব্যাখ্যার প্রয়োজন হলে তার ব্যাখ্যা প্রদান করবে।

০৬.০৭.২০২২
(নাসরীন আফরোজ)
ব্যবস্থাপনা পরিচালক (অতিরিক্ত সচিব)

নং-৩৭.২৪.০০০০.০০০.৩২.০০২.২১-৯১৮

তারিখ: ২২ আষাঢ় ১৪২৯ বঙ্গাব্দ
০৬ জুলাই ২০২২ খ্রিস্টাব্দ

**সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
৩. সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
৪. সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৫. সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৬. অতিরিক্ত সচিব, ........(সকল), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৭. অতিরিক্ত সচিব, ........(সকল), কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৮. বিভাগীয় কমিশনার, ........ (সকল)।
৯. মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা।
১০. মহাপরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।
১১. মহাপরিচালক, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর, নিউ বেইলি রোড, ঢাকা।
১২. জেলা প্রশাসক, ........(সকল)।
১৩. উপ-পরিচালক (উপসচিব), বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা (Establishment Division-এর ০৭/১২/১৯৭৩- এর Memo no. G-II/1G-1/73-514-এর Office Memorandum মোতাবেক গেজেটে প্রকাশের জন্য)।
১৪. জেলা শিক্ষা অফিসার, ........ (সকল)।
১৫. উপজেলা নিবাহী অফিসার, ........ (সকল)।
১৬. প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, শিক্ষা মন্ত্রণালয়, ৪৫ পুরানা পল্টন, ঢাকা।
১৭. প্রোগ্রামার, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
১৮. উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, ........ (সকল)।

০৬.০৭.২২
(জান্নাতুল ফেরদৌস)
উপ-পরিচালক (উপসচিব)
ফোন: ৫৫০০০৪২৫
ই-মেইল: dd@pmeat.gov.bd